

পরিচালকের দপ্তর কম্পিউটার উইং, বিবিএস।	
পরিচালক	• জরুরী উপস্থাপন করণ
উপপরিচালক (প্রশাসন)	• তারিখের
সিসি এনালিস্ট (ওয়েব পেটাল)	• মধ্যে উপস্থাপন করণ
সিসি এনালিস্ট (জিওকোড)	• প্রয়োজনীয় ব্যবস্থা নিম্ন
সিসি প্রোগ্রামার (মাইক্রোভাটা)	• আলোচনা করণ
সিসি মেইনফ্রেম ইঞ্জিনিয়ার (মেইনফ্রেম)	• নথিভুক্ত করণ।
প্রোগ্রামার (ডাটা প্রসেসিং)	
প্রকল্প পরিচালক (.....)	
ডায়েরী নম্বরঃ ২৮৫	
তারিখঃ ১৯/০২/১৯	
সদয়ঃ	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

০২ ফাল্গুন, ১৪২৫
তারিখ:-----
১৪ ফেব্রুয়ারি, ২০১৯

অফিস আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র আওতাধীন কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্পের ১১ ডিসেম্বর, ২০১৮ তারিখের নং-৫২.০১.০০০০.৩৬০.৯৯.০৫৫.১৮-৬১২ সংখ্যক স্মারকের ইউও নোট হতে জানা যায় যে, জনাব মো: সুলাইমান, কম্পোজিটর, প্রকাশনা শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস-কে ২২ নভেম্বর, ২০১৮ তারিখের নং-৫২.০১.০০০০.৩৬০.৯৯.০৫৫.১৮-৫৫৮ সংখ্যক স্মারকে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ধামঘর, দারোরা, পাহাড়পুর, নবীনগর (পশ্চিম), মুরাদনগর, রামচন্দ্রপুর (দক্ষিণ), কামাল্লা ইউনিয়নে জোনাল অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হয়। জনাব মো: সুলাইমান, কম্পোজিটর, প্রকাশনা শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস জোনাল অফিসার হিসেবে নির্ধারিত সময়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। পরবর্তীতে জোনাল অপারেশন কার্যক্রমে গত ০১ ডিসেম্বর হতে অনুপস্থিত রয়েছেন এবং অনুপস্থিত জেনে তার পরিবারের সাথে ফোনলাপের মাধ্যমে জানা যায়, তিনি মোহাম্মদপুর থানায় আটক রয়েছেন। এ বিষয়ে কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প অফিস হতে মোহাম্মদপুর থানায় যোগাযোগ করা হলে তার বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। এরূপ অনুপস্থিতির বিষয়ে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক কারণ দর্শানোর জন্য তাকে ৩১ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের নং-৫২.০১.০০০০.১০১.১৪.০৩২.১৮-১৫৬০ সংখ্যক স্মারকে নোটিশ প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি তিনি এর কোন জবাব দাখিল করেননি এবং কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, যা সরকারি চাকুরির নিয়ম ও অফিস শৃঙ্খলার পরিপন্থী।

০২। জনাব মো: সুলাইমান, কম্পোজিটর, প্রকাশনা শাখা, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস এর স্ত্রী বেগম মোছা: জিনাতুন নাহার শিরিন কর্তৃক দাখিলকৃত ২৪ ডিসেম্বর, ২০১৮ খ্রি. তারিখের আবেদনপত্র হতে জানা যায় যে, জনাব মো: সুলাইমান পুলিশ কর্তৃক গ্রেফতার হন এবং তাকে কেরাণীগঞ্জ জেল হাজতে রাখা হয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, জনাব মো: সুলাইমান, কম্পোজিটর, প্রকাশনা শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস পুলিশ কর্তৃক গ্রেফতার, জেল হাজতে প্রেরণ ও কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ), ৩(গ) ও ১২ বিধি মোতাবেক বিগত ০১ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখ হতে কার্যকারিতায় সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspended) করা হলো।

০৪। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

ড. কৃষ্ণা গায়ের
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন নং-৫৫০০৭০৫৬
Email: dg@bbs.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- (০১) প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি ২০১৮ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- (০২) পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা
- (০৩) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (০৪) উপপরিচালক, প্রশাসন/বিনিক/প্রকাশনা শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা
- (০৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- (০৬) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
- (০৭) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (০৮) ব্যক্তিগত সহকারী, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বিবিএস, ঢাকা।
- (০৯) (ক) জনাব মো: সুলাইমান, কম্পোজিটর, প্রকাশনা শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা